গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা

তারিখ ঃ ০২/০৬/২০১৫

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৪ সালের বি.এ/বি.এস.এস/ বি.বি.এস/ বি.এসসি ১ম বর্ষ অনার্স (অনিয়মিত/গ্রেড উন্নয়ন) পরীক্ষায় অংশ গ্রহণেচ্ছুক ছাত্রীদেরকে নিম্নের বর্ণিত তারিখ অনুযায়ী দাখিল ফরম পূরণ ও ফিসের টাকা জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। পরীক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nubd.info/201) - এ প্রবেশ করে নিজের রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করে অনলাইন থেকে একটি প্রিন্ট কপি নিতে হবে। **প্রিন্ট কপিতে উল্লেখিত ফিসের সাথে কলেজ নোটিশের নির্ধারিত টাকা যোগ করে ডাচ্ -বাংলা ব্যাংক বুথ শাখায় জমা দিতে হবে।**

১। বিভাগে ফরম পূরণ ও ফিসের টাকা ইডেন কলেজ ক্যাম্পাস্থ ডাচ্ -বাংলা ব্যাংক বুথে জমা দেয়ার সময়সূচী :

তারিখ	নির্ধারিত বিষয় /বিভাগের নাম	ফিসের পরিমাণ (অনি:)	ফি জমা দেয়ার স্থান ও সময়	
০৭/০৬/১৫ থেকে ০৮/০৬/১৫	বাংলা, ইংরেজি, ইতিহাস, ই. ইতিহাস সমাজকর্ম, সমাজবিজ্ঞান	ফরমে উল্লেখিত ফি + ৪৯০	ডাচ্ -বাংলা ব্যাংক বুথ	সকাল ১০:০০টা থেকে বেলা ২:০০টা পর্যন্ত
০৯/০৬/১৫ থেকে ১০/০৬/১৫	রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ফিন্যান্স, দর্শন,	ফরমে উল্লেখিত ফি + ৪৯০		
১১/০৬/১৫ থেকে ১৪/০৬/১৫	অর্থনীতি, ব্যবস্থাপনা, মার্কেটিং, ইস.শিক্ষা	ফরমে উল্লেখিত ফি + ৪৯০		
১৫/০৬/১৫ থেকে ১৬/০৬/১৫	পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদ, প্রাণিবিদ্যা ভূগোল, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গণিত,	ফরমে উল্লেখিত ফি + ৬৪০		
১৭/০৬/১৫	সকল বিষয় (যারা নির্ধারিত দিনে জমা দিতে পারে নাই)	যার জন্য যা প্রযোজ্য		

২। ফিসের বিবরণ : (গ্রেড উন্নয়ন ছাত্রীদের জন্য) ঃ

	গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফিসের পরিমাণ
গ্রেড উন্নয়ন,সকল বিষয় ছাত্রীদের জন্য	ফরমে উল্লেখিত ফিসের সাথে ৪৯০/- টাকা যোগ করে জমা দিতে হবে।

৩। ডাটাএন্ট্রির ও বিবরণী অফিসে জমা দেয়ার সময়সূচী :

ক্রমিক নং	বিভাগে ডাটাএন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ	এন্ট্রিকৃত ফরম ও বিবরণী অফিসে জমা দেয়ার তারিখ
১।	০১/০৭/২০১৫ইং	০২/০৭/২০১৫ইং বেলা ১:০০টার মধ্যে

উল্লেখিত সময়ের পরে জরিমানা দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

৪। ছাত্রীদের করণীয় : ডাচ্- বাংলা ব্যাংক কলেজ বুথ-এ নির্ধারিত ফিসের টাকা (যার জন্য যা প্রযোজ্য) জমা দিয়ে ব্যাংক রশিদের ফটোকপি, রেজি:কার্ডের কপি ও পূর্বের প্রবেশপত্রের কপিসহ আবেদন ফরম বিভাগে জমা দিতে হবে।

৫। বিভাগের করণীয় ঃ

ক) নির্ধারিত ফিসের টাকা জমা দেয়ার রশিদ, রেজি:কার্ডের কপি ও পূর্বের প্রবেশপত্রের কপিসহ ছাত্রীদের নিকট থেকে আবেদন ফরম গ্রহণ করবেন।

(খ) বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইট (www.nubd.info/201) থেকে বিষয়ওয়ারী সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা Probable list) প্রিন্ট করে নিতে হবে। পরীক্ষার্থীদের ডাটা অনলাইনে সঠিক এন্ট্রি করা হয়েছে কিনা তা (Probable list) এর সাথে যাচাই পূর্বক যথাযথভাবে নিশ্চয়ন করতে হবে।

গ) নিশ্চয়ন সম্পন্ন হলে অন-লাইনে পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

D:\My Doc\Hon's Part-1 oli azam\Notice Form filup 08-06-14.doc

৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

অনিয়মিত ছাত্রীদের জন্য

- ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী ২০১৩ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী পুন:ভর্তি হয়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৪ সালের অনার্স-১ম বর্ষ (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করার সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত তত্ত্বীয় কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে C বা D গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নতর করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।
- এ সকল পরীক্ষার্থীরা ২০১৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় Promoted হতে না পারলে বা অনুপস্থিত থাকলে তার অনার্স কোর্স বাতিল হয়ে যাবে।
- ২০১৪ সালের অনার্স-১ম বর্ষ বিশেষ পরীক্ষায় অনিয়মিত ও গ্রেড উন্নয়ন সকল পরীক্ষার্থীকে ১০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ফলাফল প্রকাশের সময় ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বরকে ৮০% নম্বরে Convert করে ফলাফল প্রকাশ করা হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

- ২০১৩ সালের অনার্স-১ম বর্ষে যে সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে , ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্স সমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৩ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়ে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত হয়েছে তারা ২০১৪ সালের (বিশেষ) পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে অংশ গ্রহণ করতে পারবে।
- এ ছাড়া যে সকল শিক্ষার্থী ২০১০, ২০১১ অথবা ২০১২ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়ে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে ২০১৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে নাই বা অংশ নিয়ে পুনরায় "F" গ্রেড পেয়েছে তারাও ২০১৪ সালের বিশেষ পরীক্ষায় শুধুমাত্র "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্স সমূহে অংশ গ্রহণ করতে পারবে।
- সকল "F" গ্রেড কে পরীক্ষা দিয়ে (রেজিষ্ট্রেশনের মেয়াদে) অবশ্যই নূন্যতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। "F" গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন "B+" গ্রেড এর বেশী প্রাপ্য হবে না।
- ২০১৩ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত ০১টি পত্রে ২০১৪ সালের (বিশেষ) পরীক্ষায় অবশ্যই অংশ গ্রহণ করতে হবে।
- ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীতকরনের কোন সুযোগ নাই।

৫। পাঠ্যসূচী ঃ

সকল বিষয়ের পরীক্ষা ৪ বছর মেয়াদি অনার্স কোর্সের পাঠ্যসূচী ও সংশোধিত রেগুলেশন ২০০৯-২০১০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী শেষ বারের মত অনুষ্ঠিত হবে। এ সিলেবাসে ভবিষ্যতে আর কোন পরীক্ষা অনুষ্ঠিত হবে না। তবে কোন গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকলে তাকে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী পরীক্ষা দিতে হবে।

৯। প্রয়োজনীয় কাগজপত্র ঃ

ক) আবেদন ফরমের সাথে রেজিঃ কার্ডের সত্যায়িত ফটোকপি, অনার্স ১ম বর্ষের প্রবেশ পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ও টাকা জমার রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

খ) গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের আবেদন ফরমের সাথে রেজিঃ কার্ডের সত্যায়িত ফটোকপি, অনার্স ১ম বর্ষের প্রবেশ পত্রের কপি ও টাকা জমার রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে।

গ) প্রত্যেক পরীক্ষার্থী সদ্য তোলা ২কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) ১কপি আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ১কপি ছবি স্ব স্ব বিভাগে সংরক্ষণ করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আইকা আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর সত্যায়িত করে বিতরণ করতে হবে।

বি.দ্র: অবশ্যই অনলাইন থেকে আবেদন ফরমের প্রিন্ট কপি এনে ফরম পূরণের ফিসের টাকা ব্যাংকে জমা দিতে হবে। ভুলবশত/অতিরিক্ত টাকা ব্যাংকে জমা দিলে কোন অবস্থাতেই কর্তৃপক্ষ দায়ি থাকবে না।

৪/৬/১৪

(প্রফেসর হোসনে আরা)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা

ইডেন মহিলা কলেজ, ঢাকা

D:\My Doc\Hon's Part-1 oli azam\Notice Form filup 08-06-14.doc